অধ্যক্ষের কার্যালয়
# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর
ফোন : ০৮৪১-৬৩১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩
ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং

তারিখ: ১৮।০৯।২০২২

## বিজ্ঞপ্তি নং-১৭০

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস)-১ম বর্ষ নিয়মিত কোর্সে ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের নিকট হতে অনলাইনে প্রাথমিক আবেদন গ্রহণ করা হচ্ছে।

| | |
|---|---|
| ডিগ্রি (পাস)-১ম বর্ষের কোর্সসমূহ: | বি.এ, বি.এস.এস, বি.এসসি ও বি.বি.এস (পাস) |
| ভর্তির প্রাথমিক আবেদনের তারিখ | ১৮/০৯/২০২২ তারিখ বিকাল ৪:০০টা থেকে ১১/১০/২০২২ তারিখ রাত ১২:০০টা পর্যন্ত। |
| ভর্তির প্রাথমিক আবেদন ফি | ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা) মাত্র। |
| আবেদনের যোগ্যতা ও শর্তাবলী | ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৭/২০১৮/২০১৯ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৯/২০২০/২০২১ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।<br><br>খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি ( ভোকেশনাল) ii) এইচ.এস.সি (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। |
| অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন পদ্ধতি ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি | প্রাথমিক আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Degree Pass Tab-এ প্রবেশ করে Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়, পাশের সন, একটি নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের নাম দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজের নাম চাঁদপুর সরকারি কলেজের কোড- ৩৯০১ Select করলে সংশ্লিষ্ট কলেজে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তি যোগ্য কোর্স সমূহের নাম দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে তার প্রার্থীত কোর্স নির্ধারণ করতে হবে। পরবর্তী পর্যায়ে আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120 x 150 Pixels,Image Type:Jpg এবং Maximum File Size: 50Kb. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি Download করে A4 (8.5''X 11'') অফসেট কাগজে (Print) নিয়ে শিক্ষার্থীর ভবিষ্যত প্রয়োজনে নিজের কাছে সংরক্ষণ করতে হবে। আবেদন ফরম কলেজে জমা দিতে হবে না। |
| ভর্তির প্রাথমিক আবেদন ফি প্রদান পদ্ধতি | বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে Education Fee (এডুকেশন ফি) অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে অনলাইনে প্রাথমিক আবেদন ফরমের Admission Roll (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে Month-September 22 Select করে আবেদন ফি বাবদ ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে Payment সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১১/১০/২০২২ তারিখ রাত ১২:০০টা মধ্যে ফি জমা প্রদান না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। |

উল্লেখ্য যে, ১২/১০/২০২২ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS না পেলে ১৩/১০/২০২২ তারিখে কলেজের হটলাইন নম্বর: ০১৭৩০৫৮৮৮৭৩ (সকাল ১০:০০ থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত) যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্রঃ বিকাশ/নগদ অ্যাপস্যের মাধ্যমে আগামী ২২/০৯/২০২২ তারিখ হতে ফি প্রদান করা যাবে।

১৮।০৯।২০২২
(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। আহ্বায়ক, ডিগ্রি (পাস) ভর্তি কমিটি ২০২১-২০২২।
৩। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৪। কলেজ নোটিশ বোর্ড।
৫। অফিস নথি।

CamScanner